গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১. | পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে অনলাইন এপয়ন্টমেন্ট সিস্টেম চালুকরণ | ই-পাসপোর্ট আবেদন দাখিলের জন্য “অনলাইন এপয়েন্টমেন্ট সিস্টেম” চালু করা হয়েছে, যা ওয়েব পোর্টালের (http://epassport.gov.bd/) মাধ্যমে ব্যবহার করা যাবে। আবেদনকারী তার সুবিধাজনক সময়ে আবেদন দাখিলের জন্য অনলাইনে এপয়েন্টমেন্ট গ্রহণ করতে পারেন। আবেদনকারীকে সংশ্লিষ্ট অফিসে ইন্টারভিউ ও বায়োমেট্রিক এনরোলমেন্টের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হবে না। | হ্যাঁ | হ্যাঁ | http://epassport.gov.bd/ | |
| ২. | সুপার এক্সপ্রেস পাসপোর্ট ডেলিভারি সার্ভিস চালুকরণ | অতি জরুরি ফি প্রদান সাপেক্ষে রি-ইস্যু আবেদনে ৪৮ ঘন্টায় পাসপোর্ট প্রদান করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৩. | ই-পাসপোর্ট মোবাইল এনরোলমেন্ট ইউনিট চালুকরণ | গুরুতর অসুস্থ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের ই-পাসপোর্ট সেবা প্রাপ্তি সহজিকরণের লক্ষ্যে অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহে মোবাইল এনরোলমেন্ট ইউনিট সৃজন করা হয়েছে। মোবাইল এনরোলমেন্ট টিম প্রেরণের মাধ্যমে গুরুতর অসুস্থ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের পাসপোর্ট আবেদন গ্রহণসহ প্রি ও বায়ো এনরোলমেন্ট কার্যক্রম সম্পন্ন করা হবে। | হ্যাঁ | হ্যাঁ | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | ফলে গুরুতর অসুস্থ ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিগণ অফিসে না এসে পাসপোর্ট সেবা গ্রহণ করতে পারবেন। | | | | |
| ৪. | ইলেক্ট্রনিক কিউ সিস্টেম স্থাপন | সেবা নিতে আগত শতাধিত সেবা গ্রহীতাকে সুশৃঙ্খলভাবে যথাসময়ে সেবা প্রদান সম্ভব হতো না। সেবা গ্রহীতাকে দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হতো। অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ ১১টি অফিসে ই-কিউ ব্যবস্থা চালু করা হয়েছে। পর্যায়ক্রমে সকল অফিসে ই-কিউ ব্যবস্থা চালু করা হবে। | চলমান | হ্যাঁ | | |
| ৫. | প্রধান কার্যালয়ে ডিপ্লোমেটিক পাসপোর্ট সেন্টার স্থাপন | ডিপ্লোমেটিক পাসপোর্ট ইস্যু সহজিকরণের লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি ডিপ্লোমেটিক পাসপোর্ট সেন্টার স্থাপন করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৬. | প্রবাসী বাংলাদেশিদের নিকট কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কম সময়ে পাসপোর্ট প্রেরণ | প্রবাসী বাংলাদেশিদের পাসপোর্ট পেতে দীর্ঘ বিলম্বের বিষয়টি বিবেচনা করে বেসরকারি কুরিয়ার সার্ভিস ফেডারেল এক্সপ্রেসের মাধ্যমে গত ২ এপ্রিল ২০১৭ খ্রিঃ থেকে বিদেশস্থ মিশনসমূহে ৩ থেকে ৫ দিনের মধ্যে পাসপোর্ট প্রেরণ করা হচ্ছে। এতে প্রবাসী বাংলাদেশিদের পাসপোর্ট প্রাপ্তির উৎকন্ঠা দূর হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৭. | অনলাইনের পাসপোর্টের আবেদন ও তথ্য যাচাইকরণ | পৃথক ওয়েব পোর্টালের (https://www.epassport.gov.bd/landing) মাধ্যমে অনলাইনে ই-পাসপোর্ট আবেদনের ব্যবস্থা করা হয়েছে। ফলে আবেদনকারী নিজেই নির্ভুলভাবে আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্য সংযোজন করতে পারছেন। | হ্যাঁ | হ্যাঁ | (https://www.epassport.gov.bd/landing) | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ৮. | মোবাইল এসএমএস সার্ভিস | পাসপোর্টের আবেদনের স্ট্যাটাস মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানোর ব্যবস্থা করা হয়েছে। আবেদনকারীগণ ২৬৯৬৯ নাম্বারে এসএমএস করে আবেদনপত্রের অবস্থান, পাসপোর্ট তৈরি হয়েছে কিনা ইত্যাদি জানতে পারেন। তাছাড়া, পাসপোর্ট তৈরী হলে স্বয়ংক্রিয়ভাবে আবেদনকারীর মোবাইলে এসএমএস করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ৯. | হজযাত্রীদের জরুরি পাসপোর্ট প্রদানের লক্ষ্যে বিশেষ বুথ স্থাপন | পবিত্র হজে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তিদের জরুরি ভিত্তিতে পাসপোর্ট প্রদানের লক্ষ্যে আওতাধীন অফিসসমূহে বিশেষ বুথ স্থাপন করা হয়েছে। এ বুথের মাধ্যমে হজ্ব যাত্রীদের পাসপোর্ট আবেদন গ্রহণ ও বিতরণ করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১০. | আই পি ফোনের মাধ্যমে দাপ্তরিক যোগাযোগের ব্যবস্থা | আইপি ফোনের মাধ্যমে সকল বিভাগীয়/আঞ্চলিক অফিসের সাথে যোগাযোগের ব্যবস্থা করা হয়েছে। এতে আওতাধীন অফিসসমূহের কার্যক্রম তদারকি করা সহজতর হয়েছে এবং অফিসে কর্মকর্তা/কর্মচারীদের যথসময়ে হাজিরা নিশ্চিত করা সম্ভব হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১১. | সাপোর্ট সেলের মাধ্যমে অনলাইনে দেশে ৬৯টি অফিসে ও বিদেশস্থ ৭২টি বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল পাসপোর্ট ও ভিসা | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি “সাপোর্ট” সেল স্থাপন করা হয়েছে। দেশের অভ্যন্তরে ৬৯টি অফিস ও বিদেশস্থ ৭১টি মিশন/দূতাবাসে এমআরপি ও এমআরভি সংশ্লিষ্ট যেকোন সমস্যা উদ্ভুত হলে সাপোর্টে ই-মেইল প্রেরণ করা হয়। সাপোর্ট তাৎক্ষণিক টিকিট ইস্যু করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ই-মেইলের ভিত্তিতে দ্রুত সমস্যার সমাধান দেন। এক্ষেত্রে প্রয়োজনে স্কাইপি ও ভাইবারও ব্যবহার করা হয়ে থাকে। এই ব্যবস্থায় সংশ্লিষ্ট অফিসসমূহকে | হ্যাঁ | হ্যাঁ | support@passport.gov.bd | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | কার্যক্রমে কারিগরি সহায়তা প্রদান। | পত্র প্রেরণ এবং পত্র প্রাপ্তি সাপেক্ষে সমাধানের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হয় না। | | | | |
| ১২. | ওয়েবসাইটে এমআরপি/এমআরভি অনুসন্ধান ও ই-মেইলে তথ্য প্রদান | অধিদপ্তরের ওয়েব সাইটের মাধ্যমে এমআরপি এবং এমআরভি এর অনুসন্ধান প্রক্রিয়া চালু করা হয়েছে। অফিসে না এসেই পাসপোর্ট ও ভিসা প্রার্থীগণ ইন্টারনেট এর মাধ্যমে তাদের আবেদনপত্রের অবস্থান, পাসপোর্ট তৈরি হয়েছে কিনা ইত্যাদি জানতে পারেন। এতে পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে এবং জনসেবা নিশ্চিত হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | http://www.passport.gov.bd/ | |
| ১৩. | ফেসবুক পেজের মাধ্যমে সমস্যা সমাধান | প্রতিটি বিভাগীয় এবং আঞ্চলিক পাসপোর্ট অফিসের ফেসবুক পেজ চালু করা হয়েছে। এর মাধ্যমে পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত সমস্যাবলী সম্পর্কে কর্তৃপক্ষ সহজে অবহিত হয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারেন। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১৪. | ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন | পাসপোর্ট সেবা প্রার্থীদের জন্য অফিসের দর্শনীয় স্থানে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের মাধ্যমে আবেদনপত্র পূরণের প্রয়োজনীয় শর্ত ও তথ্যাবলী প্রদর্শন করা হচ্ছে। ফলে পাসপোর্ট ও ভিসা সেবা প্রার্থীদের প্রয়োজনীয় তথ্যের জন্য অন্য কারো সহায়তা প্রয়োজন হয় না। আবেদনকারী নিজেই প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে পাসপোর্ট ও ভিসার আবেদন জমা করতে পারছেন। | হ্যাঁ | হ্যাঁ | | |
| ১৫. | তথ্য সেবা প্রদান করার উদ্দেশ্যে প্রধান কার্যালয়ে কিয়স্ক মেশিন স্থাপন | প্রধান কার্যালয়ে আগত পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্য প্রদানের লক্ষ্যে প্রধান কার্যালয়ে কিয়স্ক মেশিন স্থাপন করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | | |

6/12/22

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ১৬. | পার্সোনালাইজেশন সেন্টারের রিপোর্টিং কার্যক্রম ডিজিটাইজকরণ | এম আর পি পাসপোর্ট প্রিন্ট সংক্রান্ত কার্যক্রম সঠিক সময়ে সমাধান করার লক্ষ্যে পার্সোনালাইজেশন সেন্টারের রিপোর্টিং কার্যক্রম ডিজিটাইজকরা হয়েছে। এম আর পি পাসপোর্ট মুদ্রণ, কোয়ালিটি কন্ট্রোল এবং প্রেরণ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করা হচ্ছে বিধায় সেবা গ্রহীতাদের নিকট এম আর পি পাসপোর্ট দ্রুত পৌছানো সম্ভব হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | | |

সচিব কুমার আইন
সহকারী পরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

মোস্তাফিজুর রহমান
এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আগারগাঁও, ঢাকা।

হালিমা খাতুন শম্পা
উপ পরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নাদিরা আক্তার
উপপরিচালক (ভিসা)
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ঢাকা

6/10/22

MD. SAIDUL ISLAM
Director
Dept. of Immigration & Passports
Government of the People's
Republic of Bangladesh
Dhaka